Sanatan Dharma

মাটির প্রতিমাতে চিন্ময়ী ঈশ্বরীয় সত্তার পূজা

মাটির প্রতিমাতে চিন্ময়ী ঈশ্বরীয় সত্তার পূজা :-
শ্রীরামকৃষ্ণদেবকে একজন জিজ্ঞাসা করিয়াছিলেন, "প্রতিমা তো মাটিতে তৈয়ারী; ঈশ্বরজ্ঞানে ভাবনা করিব কেন?"
ইহার উত্তরে শ্রীরামকৃষ্ণ বলিলেন, "মাটি কেন গো !চিন্ময়ী প্রতিমা,তিনি তো অন্তর্যামী। যদি ঐ মাটির প্রতিমা পূজা করাতে কিছু ভুল হয়ে থাকে,তিনি কি জানেন না যে তাঁকেই ডাকা হচ্ছে ? তিনি ঐ পূজাতে সন্তুষ্ট হন। যেমন বাপের ফটোগ্রাফ দেখলে বাপকে মনে পড়ে,তেমনি প্রতিমার পূজা করতে করতে সত্যের রূপ-উদ্দীপন হয় ।যেমন সোলার আতা এবং মাটির হাতী দেখে আসল আতা ও আসল হাতী মনে পড়ে,সেইরকম প্রতিমা দেখে ঈশ্বরকে মনে পড়ে ।"
মাটি,তামা সমস্তই সেই পরমপুরুষ ।পরমপুরুষ ছাড়া আর কিছু নাই ।একটি ক্ষুদ্র জলবিন্দুও পরাশক্তির রূপ । যে জল আমরা পান করি,তাহাও পরাশক্তি।উহা আমাদের ভিতরে প্রবেশ করিয়া অন্তর যে শীতল করে,তাহাও পরাশক্তির লীলা । তুলসীমালা লইয়া হরিনাম জপ করিলে প্রত্যেকে তুলসীও হরির রূপ বলিয়া বোধ হইবে ।
ভগবান সর্বব্যাপী ।সেই পরাশক্তি সর্বত্রই বিরাজ করেন ।উপাস্য মূর্তি কেবল একটি প্রতীকমাত্র নয়। সর্বব্যাপী ঈশ্বর সেই বিগ্রহেও প্রত্যক্ষভাবে বিরাজ করেন ।শ্রদ্ধাভক্তিসহকারে মাটি লইয়া শিবলিঙ্গ গড়িলে তাহাতে পরমেশ্বরের আবির্ভাব হয় ।সকল বস্তুতেই ঈশ্বর বিদ্যমান ।সেই মৃত্তিকানির্মিত শিব- লিঙ্গও পরমেশ্বর ছাড়া আর কিছু নহে ।

Published on: Dec, 10 2022 10:58